# নতুন করোনাভাইরাস সংক্রমণ বিস্তারের কারণে গ্রহণ করা বিশেষ ব্যবস্থা "জরুরী ক্ষুদ্র অঙ্কের তহবিল ইত্যাদির বিশেষ ঋণ" পরিশোধ করা থেকে অব্যাহতি

## ঋণ পরিশোধ করা থেকে অব্যাহতি পাওয়ার বিষয়সমূহ

- ঋণ পরিশোধ করা থেকে অব্যাহতি, প্রতিটি তহবিলের ধরণ অনুযায়ী এককালীনভাবে পরিচালনা করা হবে।
  (1) জরুরী ক্ষুদ্র অঙ্কের তহবিল, (2) সার্বিক সহায়তা তহবিলের প্রথম ঋণ, (3 সার্বিক সহায়তা তহবিলের বর্ধিত ঋণ
  (4) সার্বিক সহায়তা তহবিলের ঋণ পুনরায় গ্রহণ।
- ঋণগ্রহীতা এবং পরিবারের প্রধান আবাসিক কর থেকে অব্যাহতি (মাথাপিছু কর এবং আয় প্রতি কর উভয়েরই ভিত্তিতে) পেয়ে থাকলে, ঋণ পরিশোধ করা থেকে অব্যাহতি পাওয়ার যোগ্য হবেন। পরিবারের অন্যান্য সদস্যদের কর প্রদানের অবস্থা সম্পর্কে জিজ্ঞাসা করা হবে না (*অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত নেয়ার সময় পরিশোধ করা অর্থের পরিমাণ অব্যাহতি প্রদানের উদ্দিষ্ট হবে না)।
- অব্যাহতি প্রদানের শর্ত তহবিলের ধরণের উপর নির্ভর করে পরিবর্তিত হয়। (নীচের চিত্র দেখুন)
- **উপরোক্ত ছাড়াও, সিদ্ধান্ত নেয়ার বছরের পরে ঋণগ্রহীতা বা পরিবারের প্রধানকে আবাসিক কর থেকে অব্যাহতি প্রদান করা হলে, বকেয়া ঋণ পরিশোধ করা থেকে এককালীন অব্যাহতি প্রদান করা ছাড়াও ঋণ পরিশোধের সময় ঋণগ্রহীতার মৃত্যু বা নিখোঁজ হওয়ার রায়, ব্যক্তিগত দেউলিয়াত্ব ইত্যাদির মতো ঋণ পরিশোধের সময়ও ঋণ পরিশোধ করার পরিস্থিতি কঠিন হয়ে থাকলে, ঋণ পরিশোধ করার সমস্ত বা একটি অংশ থেকে অব্যাহতি পাওয়া যেতে পারে।**
- **ঋণ পরিশোধ করা থেকে অব্যাহতি পাওয়ার জন্য আবেদনের প্রয়োজন রয়েছে** (*উদ্দিষ্ট বা যোগ্য ব্যক্তিকে স্বয়ংক্রিয়ভাবে অব্যাহতি প্রদান করা হয় না।) অনুগ্রহ করে সমাজকল্যাণ পরিষদের বিজ্ঞপ্তি দেখে, সময়সীমার মধ্যে আবেদন করুন।
  বসবাসের স্থান পরিবর্তন ইত্যাদি কারণে **আবেদনের সময়কার বসবাসের ঠিকানা ভিন্নতর হয়ে থাকলে, ঋণের জন্য আবেদন প্রক্রিয়া সম্পাদন করা সমাজকল্যাণ পরিষদের সাথে যোগাযোগ করুন।**

## অব্যাহতি প্রদানের শর্ত এবং অব্যাহতি প্রদানের সর্বোচ্চ অর্থের পরিমাণ

| তহবিলের ধরণ | অব্যাহতি প্রদানের শর্ত | অব্যাহতি প্রদানের সর্বোচ্চ অর্থের পরিমাণ | ঋণ পরিশোধ শুরু করার সময়<br>※ অব্যাহতি প্রদান না করার ক্ষেত্র ইত্যাদি |
|---|---|---|---|
| জরুরী ক্ষুদ্র অঙ্কের তহবিল<br>2022 সালের মার্চের শেষ অবধি আবেদন করা অংশ | 2021 সাল এবং 2022 সালে **আবাসিক কর থেকে অব্যাহতি প্রদান** | 200,000 ইয়েন | জানুয়ারী, **2023** সাল ~ |
| জরুরী ক্ষুদ্র অঙ্কের তহবিল<br>2022 সালের এপ্রিলের পরে আবেদন করা অংশ | 2023 সালে **আবাসিক কর থেকে অব্যাহতি প্রদান** | 200,000 ইয়েন | জানুয়ারী, **2024** সাল ~ |
| সার্বিক সহায়তা তহবিল (প্রথম ঋণ)<br>2022 সালের মার্চের শেষ অবধি আবেদন করা অংশ | 2021 সাল এবং 2022 সালে **আবাসিক কর থেকে অব্যাহতি প্রদান** | 450,000 ইয়েন (একক পরিবার)<br>600,000 ইয়েন (2 জন বা আরও বেশি জনের পরিবার) | জানুয়ারী, **2023** সাল ~ |
| সার্বিক সহায়তা তহবিল (প্রথম ঋণ)<br>2022 সালের এপ্রিলের পরে আবেদন করা অংশ | 2023 সালে **আবাসিক কর থেকে অব্যাহতি প্রদান** | 450,000 ইয়েন (একক পরিবার)<br>600,000 ইয়েন (2 জন বা আরও বেশি জনের পরিবার) | জানুয়ারী, **2024** সাল ~ |
| সার্বিক সহায়তা তহবিল (বর্ধিত ঋণের পরিমাণ) | 2023 সালে **আবাসিক কর থেকে অব্যাহতি প্রদান** | 450,000 ইয়েন (একক পরিবার)<br>600,000 ইয়েন (2 জন বা আরও বেশি জনের পরিবার) | জানুয়ারী, **2024** সাল ~ |
| সার্বিক সহায়তা তহবিল (পুনরায় ঋণ গ্রহণ) | 2024 সালে **আবাসিক কর থেকে অব্যাহতি প্রদান** | 450,000 ইয়েন (একক পরিবার)<br>600,000 ইয়েন (2 জন বা আরও বেশি জনের পরিবার) | জানুয়ারী, **2025** সাল ~ |

*1 এপ্রিল 2022 সালের পরে জরুরী ক্ষুদ্র অঙ্কের তহবিল, সার্বিক সহায়তা তহবিলের (প্রথম ঋণ) বিশেষ ঋণের আবেদনের ক্ষেত্রে, ঋণ পরিশোধ করা থেকে অব্যাহতি পাওয়ার সিদ্ধান্ত 2023 সালের আবাসিক কর থেকে অব্যাহতি পাওয়ার উপর নির্ভর করে এবং স্থগিত করার সময়কাল 2023 সালের ডিসেম্বরের শেষ পর্যন্ত নির্ধারণ করা হয়।

*2 ঋণ পরিশোধ করা থেকে অব্যাহতি পাওয়ার পরও, স্বাবলম্বী হওয়ার জন্য, পরামর্শ সহায়তা প্রদানকারী সংস্থা কর্তৃক ক্রমাগত সহায়তা প্রদানের জন্য ফলোআপ করা হয়।

*3 ঋণগ্রহীতার অনুরোধে বিলম্বের সময় সংক্ষিপ্ত করে নির্ধারণ করলে সেক্ষেত্রে এটি প্রযোজ্য নয়।

ঋণ পরিশোধ করা প্রয়োজন ব্যক্তির জন্য ঋণ পরিশোধ করা কষ্টকর হলে, উল্টোদিকের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নির্দেশনা দেখুন

# ঋণ পরিশোধ করা কষ্টকর ব্যক্তির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নির্দেশনা

## কর্মসংস্থান, পরিবারের বাজেট ইত্যাদির জন্য সহায়তা



একসাথে পরিবারের বাজেট সম্পর্কে পর্যালোচনা করে, আয় ও ব্যয়ের পরিস্থিতি উন্নত করতে সহায়তা বা ঋণ সমন্বয় করার নির্দেশনা ছাড়াও, হ্যালো ওয়ার্ক ইত্যাদির সহযোগিতায় কর্মসংস্থানের জন্য সহায়তা প্রদান করা হবে।

[যোগ্য ব্যবহারকারী] আয় বা পরিবারের বাজেট নিয়ে উদ্বিগ্ন ব্যক্তি

| প্রধান পরামর্শ ডেস্ক | সহায়তার বিষয়বস্তু |
|---|---|
| স্বাবলম্বী হওয়ার জন্য পরামর্শ সহায়তা প্রদানকারী সংস্থা | পরিবারের বাজেটের উন্নতির জন্য সহায়তা প্রকল্প ইত্যাদির মতো জীবনের সাধারণ সমস্যার জন্য পরামর্শ সহায়তা প্রদান করা হবে। https://www.mhlw.go.jp/content/000936284.pdf |
| হ্যালো ওয়ার্ক | বৃত্তিমূলক পরামর্শ এবং কর্মসংস্থানের পরিচিতি ছাড়াও, কর্মসংস্থানের জন্য প্রস্তুতি বা বৃত্তিমূলক প্রশিক্ষণ ইত্যাদির জন্য সহায়তা প্রদান করা হয়। https://www.mhlw.go.jp/stf/seisakunitsuite/bunya/koyou_roudou/koyou/hellowork.html |

স্বাবলম্বী হওয়ার জন্য পরামর্শ সহায়তা প্রদানকারী সংস্থার তালিকা (স্বাস্থ্য, শ্রম ও কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইট)

হ্যালো ওয়ার্কের তালিকা (স্বাস্থ্য, শ্রম ও কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইট)

## একাধিক ঋণ বা আইন সম্পর্কিত পরামর্শ

আইনি বিশেষজ্ঞ ইত্যাদি কর্তৃক আইনি পরামর্শ বা ঋণ সমন্বয় (ব্যক্তিগত পুনর্বাসন, ব্যক্তিগত দেউলিয়াত্ব, ইত্যাদি) করার জন্য পরামর্শ প্রদান করা হবে।

[যোগ্য ব্যবহারকারী] বিশেষ ঋণ ছাড়া অন্য ঋণ নিয়ে সমস্যার সম্মুখীন ব্যক্তি

| প্রধান পরামর্শ ডেস্ক | ফোন | সহায়তার বিষয়বস্তু |
|---|---|---|
| গ্রাহক হটলাইন (গ্রাহকের জীবন বিষয়ক পরামর্শ ডেস্ক) | 188 | গ্রাহকের সমস্যা সম্পর্কে পরামর্শ করা সম্ভব নিকটতম গ্রাহকের জীবন বিষয়ক পরামর্শ ডেস্কের নির্দেশনা প্রদান করা হবে। |
| জাপান আইনি সহায়তা কেন্দ্র (হোতেরাসু সাপোর্ট ডায়াল) | 0570-078374 | আর্থিকভাবে অসচ্ছল ব্যক্তিকে উদ্দিষ্ট বিনামূল্যের আইনি পরামর্শ, আইনজীবী / বিচার বিভাগীয় মুন্সীর (জুডিশিয়াল স্ক্রিভেনার) ফি'র ব্যয় পরিশোধের ব্যবস্থা সম্পর্কে নির্দেশনা প্রদান করা হবে। |
| জাপান ফেডারেশন অফ বার অ্যাসোসিয়েশন (হিমাওয়ারী ওনায়ামি 110 - বান) | 0570-783-110 | আপনাকে নিকটতম বার সমিতির পরামর্শ কেন্দ্রের সাথে সংযুক্ত করে, পরামর্শের জন্য বুকিং ইত্যাদির নির্দেশনা প্রদান করা হবে। |
| বিচার বিভাগীয় মুন্সীর (জুডিশিয়াল স্ক্রিভেনার) সাধারণ পরামর্শ কেন্দ্র | নিকটতম বিচার বিভাগীয় মুন্সীর (জুডিশিয়াল স্ক্রিভেনার) সাধারণ পরামর্শ কেন্দ্রে অতিরিক্ত পরিশোধের অর্থ আছে কি নেই তা নিশ্চিত করতে পরামর্শ গ্রহণ করতে পারবেন। https://www.shiho-shoshi.or.jp/activity/consultation/center_list/ | |
| একাধিক ঋণ সম্পর্কিত পরামর্শ ডেস্ক | ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এজেন্সির ওয়েবসাইটে একাধিক ঋণ সম্পর্কিত পরামর্শ ডেস্কের তালিকা পোস্ট করা হয়েছে। https://www.fsa.go.jp/soudan/ | |

বিচার বিভাগীয় মুন্সীর (জুডিশিয়াল স্ক্রিভেনার) সাধারণ পরামর্শ কেন্দ্রের তালিকা (জাপান ফেডারেশন অফ জুডিশিয়াল স্ক্রিভেনার অ্যাসোসিয়েশনের ওয়েবসাইট)

একাধিক ঋণ সম্পর্কিত পরামর্শ ডেস্কের তালিকা (ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এজেন্সির ওয়েবসাইট)

## ঋণ পরিশোধ করা সম্পর্কিত পরামর্শ



পরিশোধের সময়কালের মধ্যে ঋণ পরিশোধ করা থেকে অব্যাহতি প্রদানের প্রয়োগ ইত্যাদি করা যেতে পারে। এছাড়াও, প্রয়োজনীয় সংশ্লিষ্ট সংগঠনের সহায়তার সাথে সংযুক্ত করা হবে।

[যোগ্য বা উদ্দিষ্ট ব্যবহারকারী] ঋণ পরিশোধ করা থেকে অব্যাহতি পাওয়ার যোগ্য না হলেও ঋণ পরিশোধ করা কষ্টকর এমন ব্যক্তি
[পরামর্শ ডেস্ক] আপনার বসবাসের প্রিফেকচারে উপর নির্ভর করে পরিবর্তিত হয়। বিশদ বিবরণের জন্য, অনুগ্রহ করে প্রিফেকচারারের সমাজকল্যাণ পরিষদ থেকে প্রেরিত অব্যাহতি প্রদান সংক্রান্ত নির্দেশনা, হোমপেজ, ইত্যাদি দেখুন।

**[অন্যান্য অনুসন্ধানের জন্য] জীবনের কল্যাণের জন্য ঋণের জন্য পরামর্শের কল সেন্টার**

**0120-46-1999** (9:00～17:00 শনি, রবি এবং ছুটির দিন বাদে)